

# দাবি আদায় না হলে 'কমপ্লিট শাটডাউন'

## বেরোবির নাম পরিবর্তন

বেরোবি প্রতিনিধি

১১ ফেব্রুয়ারি ২০২৫, ১২:০০ এএম



রংপুরের বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের (বেরোবি) প্রতিষ্ঠাকালীন নাম 'রংপুর বিশ্ববিদ্যালয়' ফেরত চান শিক্ষার্থীরা। শিক্ষার্থীরা বলেছেন, আগামী সাত কর্মদিবসের মধ্যে দাবি আদায় না হলে আমরা কমপ্লিট শাটডাউনের মতো কঠোর কর্মসূচি পালন করব।

UNIBOTS

গতকাল সোমবার বেলা সাড়ে ১১টায় বিশ্ববিদ্যালয়ের প্রধান ফটকের সামনে এক সংবাদ সম্মেলনে শিক্ষার্থীরা প্রতিষ্ঠাকালীন নাম রংপুর বিশ্ববিদ্যালয় পুনর্বহালের দাবি জানান।

এ সময় শিক্ষার্থীরা বলেন, আমরা এ পুনর্বহালের দাবিতে বিক্ষোভ মিছিল, সংবাদ সম্মেলন, স্মারকলিপি প্রদানসহ আন্দোলন চালিয়ে গেলেও কোনো সুফল পাচ্ছি না। তাই আমাদের দাবি, আগামী সাত কর্মদিবসের মধ্যে আদায় না হলে আমরা কঠোর কর্মসূচিস্বরূপ কমপ্লিট শাটডাউন পালন করব।

এ সময় শিক্ষার্থীরা আরও জানান, বিগত ৫ ফেব্রুয়ারি বিক্ষুব্ধ শিক্ষার্থীরা বিশ্ববিদ্যালয়ে অবস্থিত শেখ হাসিনার উদ্বোধনী ফলকটি ভেঙে দিয়ে রংপুর নাম ঘোষণা করেন। সংবাদ সম্মেলনে সমন্বয়ক শামসুর রহমান বলেন, ফ্যাসিস্ট সরকার ফ্যাসিজমের দূরদর্শিতা ও রাজনৈতিক চাতুরতার সঙ্গে পরিবর্তিত নাম মহীয়সী রোকেয়ার নামে করেন, যাতে নাম পরিবর্তন নিয়ে শিক্ষক-শিক্ষার্থীরা প্রতিবাদ করলে ‘নারীবিদ্বেষী’সহ নানা ট্যাগ লাগিয়ে সহজে কঠরোধ করা যায়। আওয়ামী স্বৈরাচারের শাসনামলেও এ বিশ্ববিদ্যালয়ের নাম পুনর্বহালের দাবি উঠলে তখন নানা ট্যাগ দিয়ে শিক্ষার্থী-শিক্ষক, কর্মকর্তাদের দমিয়ে রাখা হয়।

এ বিষয়ে উপাচার্য ড. শওকাত আলী বলেন, ‘এ বিষয়ে শিক্ষা উপদেষ্টাকে অবগত করা হয়েছে। তিনি বিষয়টিকে পজেটিভলি দেখেছেন। প্রশাসনের পক্ষ থেকে আমরাও চাই নাম পরিবর্তন হোক।’

২০০৮ সালে তত্ত্বাবধায়ক সরকারের সময়ে রংপুর বিশ্ববিদ্যালয় নামে প্রতিষ্ঠিত হলেও তৎকালীন প্রধানমন্ত্রী শেখ হাসিনা পরিবর্তন করে রাখেন বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়, রংপুর।